**কৃষিই সমৃদ্ধি**

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

## কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা, বা/ এ, ঢাকা
সমন্বয় বিভাগ
www.badc.gov.bd

**বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এ এফ এম হায়াতুল্লাহ, চেয়ারম্যান (গ্রেড-১), বিএডিসি। |
| তারিখ ও সময় | : | ১০ আগস্ট ২০২২; বিকাল ০৩:৩০ মিনিট। |
| স্থান | : | Zoom Cloud প্লাটফর্মে অনলাইন মিটিং। |

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার 'জাতীয় শোক দিবস' যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে উদ্‌যাপন উপলক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ের সিদ্ধান্ত সমূহের উপর আলোচনার সূত্রপাত করেন। সভাপতি জানান যে, করোনা ভাইরাস এর কারণে স্বাস্থ্যবিধি অনুসরণ করে যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশ বজায় রেখে 'জাতীয় শোক দিবস ২০২২' পালন করতে হবে। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (সমন্বয়), বিএডিসি প্রস্তাবিত কর্মসূচি উপস্থাপন করেন।

০২. বিস্তারিত আলোচনার পর আগামী ১৫ আগস্ট ২০২২ তারিখ রোজ সোমবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাত বার্ষিকীতে '**জাতীয় শোক দিবস**' যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে পালনের লক্ষ্যে কৃষি মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচির আলোকে বিএডিসি কর্তৃক সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র.নং | কৃষি মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচি | বিএডিসি কর্তৃক গৃহীত কর্মসূচি | বাস্তবায়নকারী বিভাগ/ দপ্তর |
|---|---|---|---|
| ২.১ | (১) স্বাধীনতার মহান স্থপতি জাতির জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী উপলক্ষ্যে ১৫ আগস্ট ২০২২ তারিখ কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার ইউনিয়ন পর্যায় পর্যন্ত সকল অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা যথানিয়মে অর্ধনমিত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এ ক্ষেত্রে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে (জাতীয় পতাকা অর্ধনমিত রাখার ক্ষেত্রে প্রথমে পূর্ণ উত্তোলন করতে হবে। অত:পর জাতীয় পতাকার প্রস্থের সমপরিমাণ নীচে নামিয়ে পতাকা রাখতে হবে।)<br><br>(২) জাতীয় পতাকা ব্যবহারের সময় কোন প্রকার ছেঁড়া বা বিবর্ণ পতাকা ব্যবহার করা যাবে না ও মানসম্মত জাতীয় পতাকা ব্যবহার করতে হবে। পতাকার মাপ এবং রঙ এর ক্ষেত্রে 'Peoples Republic Of Bangladesh Flag Rules, 1972 (Revised Up To May, 2010)' যথাযথ পালন করতে হবে। | ক. স্বাধীনতার মহান স্থপতি জাতির জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী উপলক্ষ্যে আগামী ১৫ আগস্ট ২০২২ তারিখ রোজ সোমবার বিএডিসি'র অধীনস্থ সকল অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সূর্যোদয়ের সাথে সাথে **(সম্ভাব্য সময় ০৫:৩৪ মিনিট)** জাতীয় পতাকা অর্ধনমিত রাখা। (জাতীয় পতাকা অর্ধনমিত রাখার ক্ষেত্রে প্রথমে পূর্ণ উত্তোলন করতে হবে। অতঃপর জাতীয় পতাকার প্রস্থের সমপরিমাণ নীচে নামিয়ে পতাকা রাখতে হবে)।<br><br>খ. জাতীয় পতাকা ব্যবহারের সময় কোন প্রকার ছেঁড়া বা বিবর্ণ পতাকা ব্যবহার করা যাবে না ও মানসম্মত জাতীয় পতাকা ব্যবহার করতে হবে।<br><br>গ. কৃষি ভবনে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ম্যুরাল এ পুষ্পস্তবক অর্পণ করা এবং ~~দোয়া~~ মোনাজাত করা। | ক. সাধারণ পরিচর্যা বিভাগ<br><br>খ. সকল অফিস প্রধান/ সকল প্রধান শিক্ষক।<br><br>গ. সাধারণ পরিচর্যা বিভাগ এবং সকল বিভাগ/ অফিস প্রধান। |

| ক্র.নং | কৃষি মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসুচি | বিএডিসি কর্তৃক গৃহীত কর্মসূচি | বাস্তবায়নকারী বিভাগ/ দপ্তর |
|---|---|---|---|
| ২.২ | কৃষি মন্ত্রণালয়াধীন দপ্তর/ সংস্থার সংযুক্ত মসজিদ সমূহে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে ১৫ আগস্ট শাহাদত বরণকারী জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবার পরিজনের রুহের মাগফেরাত কামনায় বাদ যোহর বিশেষ মোনাজাত এবং অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনার ব্যবস্থা করতে হবে। | স্বাস্থ্যবিধি অনুসরণ করে ১৫ আগস্ট শাহাদত বরণকারী জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবার পরিজনের রুহের মাগফেরাত কামনায় আগামী ১৫ আগস্ট ২০২২ তারিখ রোজ সোমবার বিএডিসি'র স্টাফ কোয়ার্টার মসজিদসহ ও বিএডিসি'র আওতায় মাঠ পর্যায়ের সকল মসজিদসমূহে বাদ যোহর বিশেষ মোনাজাত এবং অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানসমূহে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনা করা। | নিয়োগ ও কল্যাণ বিভাগ এবং সকল বিভাগ/ অফিস প্রধান। |
| ২.৩ | (১) কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত 'বঙ্গাবন্ধুর স্বপ্নের কৃষি' ডকুমেন্টারি ১৫ আগস্ট ২০২২ তারিখ বাংলাদেশ টেলিভিশনে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) কৃষি তথ্য সার্ভিস বিটিভিতে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে 'বাংলার কৃষি' অনুষ্ঠানে ১৫ আগস্ট ২০২১ তারিখ বঙ্গাবন্ধু ও কৃষি সম্পর্কে একটি বিশেষ প্রামাণ্য চিত্র সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে।<br>(৩) মন্ত্রণালয় ও দপ্তর সংস্থার ডিজিটাল ডিসপ্লে বোর্ড (kiosk) এ আগস্ট মাস ব্যাপি জাতীয় শোক দিবস সম্পর্কিত তথ্য/বঙ্গাবন্ধুর বাণী/ বঙ্গাবন্ধু ও কৃষি সম্পর্কিত ডকুমেন্টারি প্রদর্শন করতে হবে।<br>(৪) বাংলাদেশ বেতার ও কৃষি কমিউনিটি রেডিওতে কৃষি উন্নয়নে বঙ্গাবন্ধুর অবদান বিষয়ক বিভিন্ন অনুষ্ঠান এবং বিশেষ বুলেটিন সম্প্রচার করতে হবে।<br>(৫) জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ৩০(ত্রিশ) হাজার পোস্টার ছাপানোর ব্যবস্থা ও বিতরণ করতে হবে।<br>(৬) এছাড়াও, সকল দপ্তর/সংস্থা তাদের অফিসগুলোতে পোস্টার/ ব্যানার/ড্রপ ডাউন ব্যানার স্থাপনের ব্যবস্থা গ্রহণ করবে। | ক. আগস্ট ২০২২ মাসব্যাপি জাতীয় শোক দিবস সম্পর্কিত তথ্য ও বঙ্গাবন্ধুর বাণী, কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত 'বঙ্গাবন্ধুর স্বপ্নের কৃষি' ডকুমেন্টারি বিএডিসি'র ডিজিটাল ডিসপ্লে বোর্ডে প্রদর্শন করা।<br><br>খ. জাতীয় শোক দিবস উপলক্ষ্যে কৃষি মন্ত্রণালয় থেকে প্রাপ্ত পোস্টার বিএডিসি'র সকল দপ্তরে বিতরণ করা।<br><br>গ. কৃষি ভবনসহ বিএডিসি'র অধীনস্থ সকল অফিসে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে পোস্টার/ ব্যানার/ ড্রপডাউন ব্যানার স্থাপন করা। | ক.জনসংযোগ বিভাগ।<br><br>খ. জনসংযোগ বিভাগ।<br><br>গ. নির্মাণ বিভাগ ও সংশ্লিষ্ট সকল বিভাগ/ দপ্তর প্রধান |
| ২.৪ | (১) স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক দপ্তর/সংস্থাসমূহ ভার্চুয়াল প্লাটফর্মে বঙ্গাবন্ধুর জীবনী ভিত্তিক বক্তৃতা, ০৭ মার্চের ঐতিহাসিক ভাষণ এবং শুদ্ধভাবে জাতীয় সঙ্গীত প্রতিযোগিতা আয়োজন করবে।<br>(২) স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক দপ্তর/সংস্থা কর্তৃক সম্ভব হলে ভার্চুয়াল প্লাটফর্মে 'বঙ্গাবন্ধুর কৃষি বিষয়ক বাণী' পাঠের প্রতিযোগিতার আয়োজন করবে। | ক. বিএডিসি'র আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয়/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত কর্মসূচি এবং জাতীয় কর্মসূচির সাথে সঙ্গতি রেখে ০৭ মার্চের ঐতিহাসিক ভাষণ এবং শুদ্ধভাবে জাতীয় সঙ্গীত গাওয়ার প্রতিযোগিতা ভার্চুয়াল প্লাটফর্মে আয়োজন করা।<br><br>খ. বঙ্গাবন্ধুর কৃষি বিষয়ক বাণী পাঠের প্রতিযোগিতা ভার্চুয়াল প্লাটফর্মে আয়োজন করা। | ক. নিয়োগ ও কল্যাণ বিভাগ<br><br>খ. সকল প্রধান শিক্ষক। |
| ২.৫ | (১) যে সকল দপ্তর/সংস্থার নিজস্ব বিদ্যালয় রয়েছে সে সকল দপ্তর/সংস্থা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয় এবং অন্যান্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ হতে প্রাপ্ত নির্দেশনা অনুযায়ী যথাযথ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | ক. বিএডিসি'র আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয়/ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত নির্দেশনা অনুযায়ী যথাযথ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা | ক. সকল প্রধান শিক্ষক। |

| ক্র.নং | কৃষি মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচি | বিএডিসি কর্তৃক গৃহীত কর্মসূচি | বাস্তবায়নকারী বিভাগ/ দপ্তর |
|---|---|---|---|
| | (২) যে সকল দপ্তর/ সংস্থা হতে মাসিক/পাক্ষিক সাময়িকী প্রকাশিত হয় সে সকল দপ্তর/ সংস্থা ১৫ আগস্ট উপলক্ষ্যে বিশেষ সময়িকী প্রকাশ করবে।<br>(৩) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় অথবা ইসলামিক ফাউন্ডেশন থেকে প্রাপ্ত অনুরোধ অনুযায়ী দপ্তর/সংস্থা সামাজিক দুরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে পবিত্র কোরআন তেলাওয়াত, হামদ্-নাত্, আলোচনা সভা ও দোয়া মাহফিলের মাধ্যমে দিবসটি পালন করবে। | খ. জাতীয় শোক দিবস ২০২২ উপলক্ষ্যে কৃষি সমাচারের বিশেষ সংখ্যা প্রকাশ করা।<br>গ. ধর্ম বিষয়ক মন্ত্রণালয় অথবা ইসলামিক ফাউন্ডেশন থেকে প্রাপ্ত অনুরোধ অনুযায়ী বিএডিসি-তে স্বাস্থ্যবিধি অনুসরণ করে পবিত্র কোরআন তেলাওয়াত, হামদ্-নাত্, আলোচনা ও দোয়া মাহফিলের মাধ্যমে দিবসটি পালন করা। | খ. জনসংযোগ বিভাগ।<br>গ. নিয়োগ ও কল্যাণ বিভাগ |
| ২.৬ | (১) জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদার সঙ্গে পালন উপলক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ের উদ্যোগে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর সহযোগিতায় সকল দপ্তর/সংস্থাকে নিয়ে দোয়া মাহফিল ও আলোচনা সভা ১৫ আগস্ট তারিখে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এ আয়োজন করতে হবে।<br>(২) অন্যান্য দপ্তর সংস্থাসমূহ ভার্চুয়াল প্লাটফর্মকে অগ্রাধিকার দিয়ে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করবে।<br>(৩) দপ্তর সংস্থাসমূহ জাতীয় শোক দিবস উপলক্ষ্যে জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত কর্মসূচিতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করবে।<br>(৪) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী উপলক্ষ্যে গৃহীত কর্মসূচিসমূহ দপ্তর/ সংস্থার প্রধান কার্যালয়ের পাশাপাশি আঞ্চলিক কার্যালয়গুলোতেও ভার্চুয়াল প্লাটফর্মকে অগ্রাধিকার দিয়ে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক সফলভাবে বাস্তবায়ন করতে হবে। | ক. কৃষি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদার সঙ্গে পালন উপলক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ের উদ্যোগে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এ ১৫ আগস্ট ২০২২ তারিখে দোয়া ও আলোচনা সভায় অংশগ্রহণ করা।<br>খ. জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ভার্চুয়াল প্লাটফর্মে বিএডিসি'র কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে আগামী ২১ আগস্ট ২০২২ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় ভার্চুয়াল প্লাটফর্মে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করা।<br>গ. সদর দপ্তর ও মাঠ পর্যায়ের বিএডিসি'র সকল কর্মকর্তা ও কর্মচারীদের আগামী ১৫ আগস্ট ২০২২ তারিখ রোজ সোমবার স্ব স্ব কর্মস্থলে উপস্থিত থাকা এবং স্থানীয় জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত জাতীয় কর্মসূচিতে স্বাস্থ্য বিধি মেনে অংশ গ্রহণ নিশ্চিত করা। | ক. সংশ্লিষ্ট সকল<br>খ. নিয়োগ ও কল্যাণ বিভাগ<br>গ. সকল বিভাগ/ দপ্তর প্রধান |

০৩. জাতীয় শোক দিবস ২০২২ যথাযথ মর্যাদায় পালনের লক্ষ্যে ব্যয় নির্বাহের নিমিত্ত সংশ্লিষ্ট বিভাগের চাহিদার পরিপ্রেক্ষিতে অর্থ বিভাগ কর্তৃক প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করার সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

০৪. সভাপতি জাতীয় শোক দিবস ২০২২ যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে পালনের লক্ষ্যে গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত আন্তরিকতার সাথে **স্বাস্থ্যবিধি অনুসরণ করে** প্রয়োজনীয় সকল প্রস্তুতি যথাসময়ে গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

০৫. সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

এ এফ এম হায়াতুল্লাহ
চেয়ারম্যান (গ্রেড-১), বিএডিসি
ও
সভাপতি
জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায়
পালন সংক্রান্ত সভা।